# বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## ভূমিকা

শিশুর পরিচিত বলয় তার পরিবার, প্রতিবেশী, খেলার সাথী ও পারিপার্শ্বিক প্রকৃতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা তাকে নিয়ে যায় আরও বৃহত্তর গন্ডিতে। শিশু তখন পরিচিত সীমানার বাইরে সহপাঠী, বিদ্যালয়ের পরিবেশ আর শিক্ষকদের সান্নিধ্যে এসে প্রবেশ করতে থাকে জ্ঞানের নতুন নতুন শাখায়। যুগের পরিবর্তনের সাথে সাথে শিশুর মনে নানা জিজ্ঞাসার উন্মেষ হয় আর প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায়ও তার চাহিদা অনুযায়ী পরিবর্তন সাধনের প্রয়োজন হয়। এভাবে শিক্ষাক্রমের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন পরিণত হয়েছে একটি চলমান প্রক্রিয়ায়। একজন শিশু তার চারপাশের সব বিষয়ের প্রতিই অনুসন্ধিৎসু। তার সামাজিকীকরণের সাথে সম্পৃক্ত বিভিন্ন ঘটনা তার অভিজ্ঞতাকে সমৃদ্ধ করে। তার অনুসন্ধিৎসু মন অভিজ্ঞতালব্ধ বিষয়গুলো সম্পর্কে বিস্তারিত জানতে আগ্রহী হয়। এরই ধারাবাহিকতায় প্রাথমিক স্তরের ***বাংলাদেশ ও বিশ্বপরিচয়*** শিক্ষাক্রমের উপস্থাপন ও বিন্যাসে পরিবর্তিত পরিস্থিতির সাথে শিশুর অভিজ্ঞতা সমন্বয়ের প্রচেষ্টা নেয়া হয়েছে।

বাংলাদেশের জাতীয় ও সামাজিক পরিমন্ডলের পরিবর্তিত বিষয়ের প্রতিফলন ছাড়াও বহির্বিশ্ব সম্পর্কে তার কৌতূহল মেটানোর চেষ্টা করা  হয়েছে। পরিমার্জিত এ শিক্ষাক্রমে জাতীয় শিক্ষানীতি-২০১০, জাতীয় শিশু নীতি, শিশু শ্রম নীতি, সবার জন্য শিক্ষা, সহস্রাব্দ লক্ষ্য মাত্রা অর্জন, শিশুর বয়স, রূপকল্প-২০২১ সহ জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটের প্রতি লক্ষ্য রাখা হয়েছে। বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি, মুক্তিযুদ্ধের ইতিহাস, মানবাধিকার ও নাগরিক অধিকার, সমাজ, ভূগোল, পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগসহ যে সব বিষয় শিশুর স্বাভাবিক জীবনযাত্রার সাথে ওতঃপ্রোতভাবে জড়িত সেগুলো সম্পর্কে সহজ থেকে বিস্তারিত উপায়ে ধাপে ধাপে ধারণা দেয়া হয়েছে। এক্ষেত্রে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত নিম্নপ্রাথমিক ও ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত উচ্চপ্রাথমিক স্তর হিসেবে চিহ্নিত করে নিম্নপ্রাথমিক স্তর উপযোগী শিক্ষাক্রম তৈরির প্রয়াস নেওয়া হয়েছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিশুদের বয়স ও মানসিক দূরত্ব খুব বেশি নয় বলে তাদের জন্য সমাজ ও বিজ্ঞান সম্পর্কিত বিষয়বস্তু সমন্বিতভাবে উপস্থাপন করা হয়েছে। তৃতীয় শ্রেণিতে এসে শিশু প্রথমবারের মত  পুস্তকাকারে বিভিন্ন বিষয় সম্পর্কে জানবে ও অংশগ্রহণমূলক  পদ্ধতির মাধ্যমে নির্ধারিত শিখনফলগুলো অর্জন করবে। পরবর্তী শ্রেণিগুলোতে (চতুর্থ থেকে পঞ্চম) একই এবং নতুন নতুন বিষয়ে বর্ধিত পরিসরে ধারণা লাভ করবে। সমাজ ও পরিবেশ বিষয়ের পরিমার্জিত শিক্ষাক্রমে ‘প্রাথমিক শিক্ষার পরিমার্জিত লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতা’ অনুযায়ী বিষয় সংশিণ্টষ্ট ১৫টি প্রান্তিক যোগ্যতা সন্নিবেশিত করা হয়েছে। এগুলোর মধ্যে সুনাগরিক হয়ে গড়ে ওঠার গুণাবলি অর্জন ও বিশ্ব সংস্কৃতির প্রতি আগ্রহী ও শ্রদ্ধাশীল হওয়া, স্বাধীন ও মুক্তভাবে চিন্তা করা, নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জন, ভালো-মন্দের মধ্যে পার্থক্য করা, সম্পদের (ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয়) সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণ, প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে জানা ও এগুলো সংরক্ষণ, আবহাওয়া ও জলবায়ুর পরিবর্তন, দুর্যোগ ব্যবস্থাপনা, শ্রমের মর্যাদা, ক্ষুদ্র জাতিসত্তা, জনসংখ্যা ও জনসম্পদ, বিশেষ চাহিদাসম্পন্ন শিশু ও ব্যক্তিসহ নারী-পুর ুষ সকলের প্রতি সহযোগিতাপূর্ণ আচরণ ইত্যাদি উলেণ্টখযোগ্য। এসব বিষয়বস্তু ও আলোচনায় বাংলাদেশের প্রেক্ষাপটকে বিশেষভাবে তুলে ধরা হয়েছে।

একটি বিষয় উলেণ্টখ করা প্রয়োজন যে, শিক্ষাক্রম পরিমার্জন একটি চলমান প্রক্রিয়া হলেও কোন শিক্ষাক্রমে আমুল পরিবর্তন আনয়ন করার বিষয়টি অন্য কয়েকটি বিষয়ের উপর নির্ভরশীল বিশেষতঃ শিক্ষকদের সম্পূর্ণ নতুন একটি বিষয় সম্পর্কে জ্ঞান অর্জনের সময়ের সাথে শিশুদের শেখানোর বিষয়টি জড়িত। তা সত্ত্বেও যুগের চাহিদা ও বাস্তবতার সাথে নতুন কিছু বিষয় যেমন বিভিন্ন প্রতিকূলতা ও দুর্যোগকে শিশু যাতে মোকাবেলা করতে পারে সে সম্পর্কে ধারণা দেয়া। যেহেতু বাংলাদেশ বিভিন্ন প্রাকৃতিক ও মানব কর্মকান্ডের কারণে নানা প্রতিকূলতা ও দুর্যোগের সম্মুখীন হচ্ছে যার নেতিবাচক প্রভাব শিশুদের উপরও পড়ছে। শিশু যাতে এসব প্রতিকূলতা ও দুর্যোগের কাছে নিজেকে অসহায় না ভেবে বরং এগুলোর মোকাবেলার অভ্যাস গড়ে তুলে সে বিষয়ের প্রতি দৃষ্টি দেয়া হয়েছে। জলবায়ু পরিবর্তন সম্পর্কেও তাদের ধারণা দেয়ার প্রয়াস নেয়া হয়েছে। সমাজে সকল নারী-পুর ুষ, পেশাজীবী, ধনী-দরিদ্র, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ সকলকে সমানভাবে গ্রহণ করা ও সহযোগিতা ও সম্প্রীতির মানসিকতা

তৈরি করার জন্যে কিছু নতুন বিষয় সংযোজিত হয়েছে। শিশুর নিরাপত্তার বিষয়টি লক্ষ্য রেখে যুগোপযোগী বিষয়ে তাকে প্রয়োজনীয় ধারণা দেয়া হয়েছে যাতে এ বিষয়ে তার সচেতনতা গড়ে ওঠে। সুকোমল মনের অধিকারী শিশুর মনে দেশপ্রেম ও দেশের প্রতি ভালোবাসার উন্মেষ ঘটানোর প্রাথমিক পদক্ষেপ হিসেবে তাদের সামনে জাতীয় ইতিহাস, জাতির পিতার জীবনী, মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস, জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতির (বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্ত্বাদের সংস্কৃতিসহ) সাথে ধারাবাহিকভাবে পরিচিত করানো হয়েছে। বিভিন্ন বিষয়বস্তু যাতে সহজবোধ্য হয় এবং শিশু সেগুলো আনন্দের সাথে হৃদয়ঙ্গম করতে পারে, মুখস্থ করতে না হয় সেসব দিকে লক্ষ্য রেখে শিখন পদ্ধতি, পরিকল্পিত কাজ, লেখক ও অংকন শিল্পীদের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। শিক্ষাক্রমে উলিণ্ঢখিত শিখন পদ্ধতি, পরিকল্পিত কাজ ও নির্দেশনা যাতে বাস্তবায়িত হয় সে উদ্দেশ্যে এগুলোকে আকর্ষনীয়, বাস্তব, নিকট পরিবেশের উপাদান ব্যবহার এর মাধ্যমে অংশগ্রহণমূলক করার চেষ্টা করা হয়েছে। সবশেষে একথা বলা প্রয়োজন যে, বর্তমান শিক্ষাক্রমটিও একটি চলমান প্রক্রিয়ার ফসল এবং প্রয়োজনে ব্যাপক অংশগ্রহণের মাধ্যমে এটি পরিমার্জন করা যেতে পারে।

প্রাথমিক শিক্ষার পরিমার্জিত লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতার ১৩ থেকে ২৪ এবং ২৭ থেকে ২৯ পর্যন্ত প্রান্তিক যোগ্যতাগুলোকে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা অনুযায়ী বিন্যাস করা হয়েছে। নিম্নে সমাজ ও পরিবেশ বিষয়ক প্রাথমিক শিক্ষার প্রান্তিক যোগ্যতাগুলো উপস্থাপন করা হলো ঃ

১৩. মানবাধিকার, আন্তর্জাতিকতাবোধ, বিশ্বভ্রাতৃত্ব ও বিশ্বসংস্কৃতির প্রতি আগ্রহী ও শ্রদ্ধাশীল হওয়া।
১৪. স্বাধীন ও মুক্তচিন্তায় উৎসাহিত হওয়া এবং গণতান্ত্রিক রীতিনীতি অনুশীলন করা।
১৫. নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভালো-মন্দের পার্থক্য নিরূপণ এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করা।
১৬. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণে যত্নশীল হওয়া।
১৭. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ নারী-পুরুষ, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহ-অবস্থানের মানসিকতা অর্জন করা।
১৮. অন্যকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে ত্যাগের মনোভাব অর্জন ও পরমতসহিষ্ণুতা প্রদর্শন এবং মানবিক গুণাবলি অর্জন করা।
১৯. সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণ এবং নিজের দায়িত্ব ও অধিকার সম্পর্কে সচেতন হওয়া।
২০. প্রতিকূলতা ও দুর্যোগ সম্পর্কে জানা এবং তা মোকাবেলায় দক্ষ ও আত্মপ্রত্যয়ী হওয়া।
২১. নিজের কাজ নিজে করা এবং শ্রমের মর্যাদা দেওয়া।
২২. প্রকৃতি, পরিবেশ ও বিশ্বজগৎ সম্পর্কে জানা ও ভালোবাসা এবং পরিবেশের উন্নয়ন ও সংরক্ষণে উদ্বুদ্ধ হওয়া।
২৩. আবহাওয়া ও জলবায়ুর পরিবর্তনের সমস্যা মোকাবেলায় ইতিবাচক ভূমিকা গ্রহণ।
২৪. মানুষের মৌলিক চাহিদা ও পরিবেশের ওপর জনসংখ্যার প্রভাব এবং জনসম্পদের গুরুত্ব সম্পর্কে জানা।
২৭. মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হওয়া এবং ত্যাগের মনোভাব গঠন ও দেশ গড়ার কাজে সক্রিয় অংশগ্রহণ করা।
২৮. জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানা এবং এগুলোর প্রতি শ্রদ্ধাশীল হওয়া ।
২৯. বাংলাদেশকে জানা ও ভালোবাসা।

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## আবশ্যকীয় শিখনক্রম

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| ১. সমাজ, পরিবেশ ও পরিবেশের বিভিন্ন উপাদান সম্পর্কে জানা এবং এগুলোর পারস্পরিক সম্পর্কের গুরুত্ব উপলব্ধি করা। | ১.১ বিদ্যালয়, বাড়ি/বাসা ও আশেপাশের পরিবেশ পর্যবেক্ষণ করবে এবং বিভিন্ন উপাদানের নাম বলতে পারবে। | ১.১ চারপাশের পরিবেশের সামাজিক ও প্রাকৃতিক উপাদানগুলো সম্পর্কে জানবে।<br>১.২ পরিবেশের বিভিন্ন উপাদানের পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করবে। | ১.১ সমাজ ও পরিবেশ সম্পর্কে জানবে।<br>১.২ সামাজিক ও প্রাকৃতিক পরিবেশের বিভিন্ন উপাদান এবং এদের কাজ ও গুরুত্ব সম্পর্কে জানবে। | ১.১ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বিভিন্ন উপাদানের পারস্পরিক সম্পর্ক জানবে এবং উপলব্ধি করবে। | - |
| ২. বিশেষ-চাহিদাসম্পন্ন শিশুসহ (নারী-পুরুষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ ইত্যাদি নির্বিশেষে) সকলের সাথে সহযোগিতা ও সম্প্রীতির মানসিকতা অর্জন করা। | ২.১ বাড়ি ও বিদ্যালয়ে সকলের সঙ্গে মিলেমিশে চলবে।<br>২.২ বাড়ি ও বিদ্যালয়ে সকলের সঙ্গে সহযোগিতামূলক আচরণ করবে ও প্রয়োজনে নিজের ব্যবহার্য সামগ্রী দিয়ে সহযোগিতা করবে। | ২.১ বাড়ি, বিদ্যালয় এবং আশেপাশে সকলের সঙ্গে মিলেমিশে চলবে ও সহযোগিতা করবে।<br>২.২ বিভিন্ন জীবনধারা এবং ধর্মের অনুসারী সহপাঠীদের ধর্মীয় উৎসবের নাম জানবে যথাসম্ভব। | ২.১ সমাজে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব অনুধাবন করবে।<br>২.২ বিশেষ- চাহিদাসম্পন্ন শিশু সহ নারী-পুরুষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ, ছোট-বড় নির্বিশেষে সকলের সংগে ভালো আচরণ করবে। | ২.১ বিশেষ- চাহিদাসম্পন্ন শিশুসহ নারী-পুরুষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ ইত্যাদি নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহ-অবস্থানের মানসিকতা অর্জন করবে।<br>২.২বিশেষ-চাহিদাসম্পন্ন শিশু ও ব্যাক্তির চাহিদা বুঝবে ও প্রয়োজনীয় সহযোগিতা করবে। | ২.১ সমাজের সদস্য হিসেবে নারী পুরুষের সম-মর্যাদা বুঝবে এবং পরিবার ও বিদ্যালয়ে বিভিন্ন সুযোগ-সুবিধা ও অধিকারের ক্ষেত্রে নারী-পুরুষের সমতার গুরুত্ব উপলব্ধি করবে।<br>২.২ অটিজম কী বুঝতে পারবে এবং অটিস্টিক শিশুদের বিশেষ বৈশিষ্ট্য জানা ও চাহিদা অনুধাবনের মাধ্যমে তাদের প্রতি ইতিবাচক আচরণ প্রদর্শনের মনোভাব অর্জন করবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| | | | ২.৩ বিভিন্ন জীবনধারা ও ধর্মের অনুসারী সহপাঠীদের বিভিন্ন ধর্মীয় উৎসবের নাম জানবে, শ্রদ্ধাপোষণ করবে। | ২.৩ বাংলাদেশের কয়েকটি ক্ষুদ্র জাতিস্বত্তার জীবনধারা সম্পর্কে জানবে। | |
| ৩. মৌলিক চাহিদা ও মানবাধিকার সম্পর্কে ধারণা অর্জন এবং বাস্তব জীবনে অনুশীলন করা। | - | - | ৩.১ শিশুর কয়েকটি মৌলিক অধিকার সম্পর্কে জানবে।<br>৩.২ শিশু নিজের অধিকার প্রতিষ্ঠায় সচেতন হবে ও অন্যের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হবে। | - | ৩.১ মানবাধিকার সম্পর্কে জানবে।<br>৩.২ মানবাধিকার বাস্তবায়ন সম্পর্কে সচেতন হবে। |
| ৪. সমাজ ও রাষ্ট্রের সদস্য হিসেবে নিজের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও নিরাপত্তা সম্পর্কে জানা এবং এগুলো অর্জন ও পালনে সচেতন হওয়া। | ৪.১ পরিবারের গুরুত্ব বলতে পারবে।<br>৪.২ নিজের নিরাপত্তা সম্পর্কে সচেতন হবে। | ৪.১ শিশুর প্রতি পরিবারের সদস্যদের দায়িত্ব এবং পরিবারের প্রতি শিশুর দায়িত্ব বলতে পারবে। | ৪.১ শিশুর প্রতি পরিবারের ও পরিবারের প্রতি শিশুর দায়িত্ব বলতে পারবে। | ৪.১ নাগরিক হিসেবে রাষ্ট্রের কাছ থেকে প্রাপ্য অধিকারগুলো সম্পর্কে জানবে।<br>৪.২ নিজের অধিকারসহ অন্যের অধিকার প্রতিষ্ঠায় সচেতন হবে ও অন্যের অধিকারকে শ্রদ্ধা করবে। | ৪.১ সমাজ ও রাষ্ট্রের প্রতি নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানবে ও পালন করবে।<br>৪.২ নিজের নিরাপত্তা সম্পর্কে সচেতন হবে। |
| ৫. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় | | ৫.১ শিশুর ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী (ব্যাগ, বই, | | ৫.১ সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের পরিচয়, ব্যবহার, | |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| সম্পদের পরিচয়, যথাযথ ব্যবহার, সংরক্ষণ ও অপচয় রোধ করা। | - | খাতা, পেনসিল, জুতা, বিছানা, পড়ার টেবিল, খেলনা ইত্যাদি) যথাযথভাবে ব্যবহার এবং সংরক্ষণ করতে পারবে ও অপচয় রোধ করবে।<br><br>৫.২ পরিবার ও বিদ্যালয়ের বিভিন্ন সামগ্রী যথাযথ ব্যবহার ও সংরক্ষণ করবে এবং অপচয় করা থেকে বিরত থাকবে। | - | রক্ষণাবেক্ষণ, উন্নয়ন এবং সংস্কার কাজে যথাসম্ভব অংশগ্রহণ করবে। | - |
| ৬. সকল পেশাকে গুরুত্ব দেওয়া ও কায়িক শ্রমের প্রতি আগ্রহী হওয়া । | ৬.১ বাড়িতে ও বিদ্যালয়ে কে কে কাজ করে পর্যবেক্ষণ করবে ও কাজের নাম বলতে পারবে। | ৬.১ বাড়িতে নিজের ব্যক্তিগত কাজগুলো যথাসম্ভব নিজে করবে।<br><br>৬.২ বাড়িতে ও বিদ্যালয়ের বিভিন্ন কাজে সামর্থ্য অনুযায়ী অংশগ্রহণ ও অন্যদের সহযোগিতা করবে। | ৬.১ সমাজের বিভিন্ন পেশাজীবীদের সম্পর্কে জানবে এবং তাদের কাজের গুরুত্ব বুঝবে। | ৬.১ শ্রমের মর্যাদা বুঝবে।<br><br>৬.২ সমাজে পেশাজীবীদের অবদান জানবে।<br><br>৬.৩ কয়েক ধরনের পেশাজীবীর কাজের বর্ণনা দিতে পারবে এবং সকলের কাজকে শ্রদ্ধা করবে। | - |
| ৭. পরমতসহিষ্ণুতা প্রদর্শন ও গণতান্ত্রিক রীতিনীতি অনুশীলন করা। | | - | | ৭.১ বাড়িতে ও শ্রেণিকক্ষের বিভিন্ন কাজে ও বিষয়ে নিজস্ব মতামত প্রকাশ করবে। | ৭.১ গণতন্ত্রের মূল কথা অনুধাবন করবে।<br><br>৭.২ গণতন্ত্রকে শ্রদ্ধা করবে এবং বাড়ি ও বিদ্যালয়ের বিভিন্ন কাজে গণতান্ত্রিক রীতিনীতি চর্চা করবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| | - | | - | ৭.২ অন্যের মতামত ধৈর্য্যসহ শুনবে ও শ্রদ্ধা করবে।<br><br>৭.৩ গণতান্ত্রিক মূল্যবোধ অর্জন করবে। | |
| ৮. নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভালো-মন্দের পার্থক্য নিরূপণ করতে পারা এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করা। | - | ৮.১ বাড়িতে ও বিদ্যালয়ে বিভিন্ন ধরনের সামাজিক ও নৈতিক গুণাবলি চর্চা করবে। | ৮.১ কয়েকটি সামাজিক ও নৈতিক গুণাবলির তালিকা তৈরি করবে।<br><br>৮.২ বাড়িতে ও বিদ্যালয়ে বিভিন্ন ধরনের সামাজিক ও নৈতিক গুণাবলি চর্চা করবে। | ৮.১ নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জন করার গুরুত্ব বুঝবে ও এগুলো অর্জনে সচেষ্ট হবে ও বাস্তব জীবনে সেগুলো প্রয়োগ করবে। | - |
| ৯. বিভিন্ন ধরনের সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা এবং এগুলোর গুরুত্ব উপলব্ধি করা। | - | - | ৯.১ পরিবার ও বিদ্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কাজ চিহ্নিত করতে পারবে এবং এগুলোতে অংশগ্রহণ করবে। | ৯.১ নিজ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড চিহ্নিত করতে পারবে ও এগুলোতে অংশগ্রহণ করবে। | - |
| ১০. দুর্যোগ সম্পর্কে জানা এবং দুর্যোগ মোকাবেলার দক্ষতা | | | | ১০.১ বাংলাদেশে ঘটমান বিভিন্ন ধরনের দুর্যোগ এবং সমাজ- জীবনে এদের | ১০.১ বাংলাদেশে আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন ও সামাজিক কারণে সৃষ্ট দুর্যোগ সম্পর্কে জানবে এবং তা মোকাবেলার |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| অর্জন করা। | - | - | - | প্রভাব সম্পর্কে জানবে।<br>১০.২ প্রতিকূলতা ও দুর্যোগ মোকাবেলার উপায় জানবে এবং প্রয়োজনে ব্যবহার করতে পারবে। | প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করবে।<br>১০.২ প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হয় এমন কর্মকা― করা থেকে নিবৃত্ত থাকবে। |
| ১১. পরিবেশ দূষণের কারণ জানা এবং পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে অংশগ্রহণ করা। | ১১.১ বিদ্যালয় ও গৃহস্থালীর পরিত্যক্ত দ্রব্যাদি দিয়ে কিভাবে পরিবেশ নষ্ট হয় তা জানবে ও এ ধরনের কাজ করা থেকে বিরত থাকবে। | ১১.১ বিদ্যালয় এবং গৃহস্থালীর পরিত্যক্ত দ্রব্যাদি দিয়ে কীভাবে পরিবেশ নষ্ট হয় পর্যবেক্ষণ করবে ও এ ধরনের কাজ করা থেকে বিরত থাকবে।<br>১১.২ বাড়ি ও বিদ্যালয়ের পরিবেশ রক্ষার কাজে অংশগ্রহণ করবে। | ১১.১ পরিবেশ দূষণমুক্ত রাখার গুর―ত্ব বুঝবে।<br>১১.২ পরিবেশ দূষণ জনিত কয়েকটি সামাজিক সমস্যা চিহ্নিত করতে পারবে।<br>১১.৩ পরিবেশের উন্নয়ন ও সংরক্ষণে অংশগ্রহণ করবে। | | - |
| ১২. জনসংখ্যা সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে জানা। | ১২.১ ছোট পরিবার ও বড় পরিবার সম্পর্কে ধারণা লাভ করবে।<br>১২.২ পরিবারে অধিক জনসংখ্যা কীভাবে পরিবেশের উপর প্রভাব ফেলে তা বলতে পারবে। | ১২.১ ছোট পরিবার ও বড় পরিবার সম্পর্কে ধারণা লাভ করবে।<br>১২.২ পরিবারে অধিক জনসংখ্যা কীভাবে পরিবেশের উপর প্রভাব ফেলে তা বলতে পারবে। | ১২.১ বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি সংক্ষেপে বর্ণনা করতে পারবে। | ১২.১ বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি সম্পর্কে জানবে।<br>১২.২ বাংলাদেশে জনসংখ্যা দ্র―ত বৃদ্ধির কারণ সম্পর্কে জানবে। | ১২.১ মানুষের মৌলিক চাহিদার ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব সম্পর্কে জানবে।<br>১২.২ বাংলাদেশের মানুষের জীবনযাত্রার মানের ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব সম্পর্কে জানবে।<br>১২.৩ বাংলাদেশের ব্যাপক জনগোষ্ঠীকে জনসম্পদে রূপান্তরের গুর―ত্ব ও উপায় জানবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| ১৩. পৃথিবীর মহাদেশ ও মহাসাগরগুলো সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন। | - | - | ১৩.১ মহাদেশ ও মহাসাগরগুলোর নাম বলতে পারবে ও মানচিত্রে এগুলোর অবস্থান দেখাতে পারবে।<br><br>১৩.২ বাংলাদেশ কোন মহাদেশে অবস্থিত তা বলতে পারবে। | ১৩.১ এশিয়া মহাদেশের সংক্ষিপ্ত বর্ণনা দিতে পারবে। | |
| ১৪. মুক্তিযুদ্ধের ইতিহাস জানা ও এর চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হওয়া । | ১৪.১ জাতীয় পতাকার মৌখিক বর্ণনা দিতে পারবে।<br><br>১৪.২ মুক্তহাতে জাতীয় পতাকা আঁকতে পারবে।<br><br>১৪.৩ জাতীয় সংগীতের প্রথম চার লাইন শুদ্ধ করে বলতে ও গাইতে পারবে ও জাতীয় পতাকাকে সম্মান করবে। | ১৪.১ জাতীয় পতাকা ব্যবহারের নিয়ম জানবে ও সম্মান করবে।<br>১৪.২ জাতীয় কবি ও জাতীয় সংগীতের রচয়িতার নাম জানবে।<br>১৪.৩ জাতীয় সংগীত গাইতে এবং জাতীয় সংগীত ও জাতীয় পতাকাকে কীভাবে সম্মান করতে হয় বলতে পারবে।<br>১৪.৪ মুক্তিযুদ্ধ স্মরণে ও বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। | ১৪.১ জাতির পিতার জীবনী ও বাংলাদেশের স্বাধীনতা অর্জনে তাঁর অবদান সংক্ষেপে জানবে ও তাঁর আদর্শে অনুপ্রাণিত হবে।<br><br>১৪.২ আমাদের জাতীয় পতাকা ও জাতীয় সংগীত যে মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত হয়েছে তা জানবে ও গর্ব অনুভব করবে।<br><br>১৪.৩ জাতীয় পতাকার রং ও নকশার সঠিক অনুপাত এবং বিভিন্ন দিবস ও ক্ষেত্রে এর ব্যবহার জানবে। | ১৪.১ মুক্তিযুদ্ধের পটভূমি জানবে (ভাষা আন্দোলন থেকে ১৯৭১ এর ২৫ মার্চ পর্যন্ত) ।<br><br>১৪.২ বিভিন্ন ক্ষেত্রে তৎকালীন পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বৈষম্য সম্পর্কে জানবে।<br><br>১৪.৩ বাংলাদেশের স্বাধীনতার চেতনার কথা জানবে।<br><br>১৪.৪ ১৯৭১ এর ২৫ মার্চ রাতে বাঙালিদের ওপর পাকিস্তানি সৈন্য বাহিনীর | ১৪.১ মুক্তিযুদ্ধের সংক্ষিপ্ত বর্ণনা (২৫মার্চের পর থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত) দিতে পারবে ও এর জন্য গর্ববোধ করবে।<br><br>১৪.২ সাধারণ মানুষ ও মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের কথা জানবে ও তাদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করবে।<br><br>১৪.৩ মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হবে এবং ত্যাগের মনোভাব গঠন ও দেশগড়ার কাজে সক্রিয় অংশগ্রহণ করবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| | | | | আক্রমণের ঘটনা বলতে পারবে।<br><br>১৪.৫ ১৯৭১ এর ২৬ মার্চ স্বাধীনতার ঘোষণা ও মুক্তিযুদ্ধের উলেণ্টখযোগ্য ইতিহাস জানবে। | |
| ১৫. বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, ভৌগোলিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে জানা এবং এগুলোর প্রতি শ্রদ্ধাশীল হওয়া ও ভালোবাসা। | ১৫.১ জাতীয় পতাকা ও জাতীয় সংগীতকে ভালোবাসার মাধ্যমে দেশপ্রেমে উদ্দীপ্ত হবে।<br><br>১৫.২ স্বাধীনতা দিবস, বিজয় দিবস, শহিদ দিবস এর তারিখ উলেণ্টখ/বলতে পারবে।<br><br>১৫.৩ বিদ্যালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন জাতীয় দিবসের অনুষ্ঠান উপভোগ করবে।<br><br>১৫.৪ বাংলাদেশের মানচিত্র দেখে চিনতে পারবে।<br><br>১৫.৫ বাংলা নববর্ষের মাসের নাম ও তারিখ | ১৫.১ শহিদ দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস, বাংলা নববর্ষের তারিখ বলতে পারবে ও এগুলোর তাৎপর্য উপলব্ধি করবে।<br><br>১৫.২ কয়েকটি লোক কাহিনী ও ছড়া বলতে পারবে।<br><br>১৫.৩ মুক্তিযুদ্ধের ঘটনা জানার মাধ্যমে আমরা কিভাবে জাতীয় পতাকা ও জাতীয় সংগীত অর্জন করেছি তা বলতে পারবে।<br><br>১৫.৪ বাংলাদেশের মানচিত্রে দিক চিহ্নিত করতে পারবে। | ১৫.১ বাংলাদেশের জাতীয় দিবসগুলো সম্পর্কে জানবে।<br><br>১৫.২ বাংলাদেশের উলেণ্টখযোগ্য সামাজিক উৎসবগুলো সম্পর্কে জানবে।<br><br>১৫.৩ বাংলাদেশের সীমারেখা ও আয়তন জানবে।<br><br>১৫.৪ ছাপ দিয়ে বাংলাদেশের মানচিত্র আঁকতে পারবে।<br><br>১৫.৫ বাংলাদেশের মানচিত্র দেখে এর সীমানা নির্দেশ করতে পারবে। | ১৫.১ প্রাচীন ও মধ্য যুগের বাংলার ইতিহাস সংক্ষেপে জানবে।<br><br>১৫.২ বাংলাদেশের ভৌগোলিক অবস্থা সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করবে।<br><br>১৫.৩ বাংলাদেশের ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে ও শ্রদ্ধা করবে। | ১৫.১ ব্রিটিশ ঔপনিবেশিক শাসনকাল সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করবে।<br><br>১৫.২ বাংলাদেশের কয়েকটি ঐতিহাসিক নিদর্শন ও সংশিণ্টষ্ট ইতিহাস সংক্ষেপে জানবে।<br><br>১৫.৩ বাংলাদেশের কৃষিজাত দ্রব্য, শিল্প ও আমদানী-রপ্তানী সম্পর্কে জানবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| | বলতে পারবে।<br><br>১৫.৬ বাংলাদেশের কয়েকটি জাতীয় প্রতীকের (ফল, ফুল, মাছ, পশু, পাখি) নাম জানবে।<br><br>১৫.৭ আমাদের রাষ্ট্রভাষার নাম বলতে পারবে।<br><br>১৫.৮ জাতীয় প্রতীকগুলোর ছবি আঁকবে। | ১৫.৫ জাতীয় প্রতীকগুলোর ছবি আঁকতে পারবে।<br><br>১৫.৬ জাতীয় প্রতীকগুলোর ছবি আঁকবে।<br><br>১৫.৭ আমাদের রাষ্ট্রভাষার নাম বলতে পারবে। | ১৫.৬ মানচিত্রে বাংলাদেশের রাজধানী ও বিভাগীয় শহর এবং প্রধান প্রধান নদী দেখাতে পারবে। | | |
| ১৬. আন্তর্জাতিকতাবোধ, বিশ্বভ্রাতৃত্ব ও বিশ্ব সংস্কৃতির প্রতি আগ্রহী ও শ্রদ্ধাশীল হওয়া। | - | - | - | ১৬.১ এশিয়া মহাদেশের সংস্কৃতি সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করবে। | ১৬.১ বিশ্বের বিভিন্ন দেশ ও জনগণের মধ্যে বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের গুরুত্ব বুঝবে।<br><br>১৬.২ সার্ক সম্পর্কে সংক্ষেপে জানবে।<br><br>১৬.৩ জাতিসংঘ সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করবে। |

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## প্রথম শ্রেণি

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. সমাজ, পরিবেশ ও পরিবেশের বিভিন্ন উপাদান সম্পর্কে জানা এবং এগুলোর পারস্পরিক সম্পর্কের গুরুত্ব উপলব্ধি করা। | ১.১বিদ্যালয়, বাড়ি/বাসা ও আশেপাশের পরিবেশ পর্যবেক্ষণ করবে এবং বিভিন্ন উপাদানের নাম বলতে পারবে। | ১.১.১ বাড়ি/বাসা, বিদ্যালয়ের ও আশেপাশের পরিবেশ পর্যবেক্ষণ করবে এবং সেখানে কী কী আছে তা বলতে পারবে।<br><br>১.১.২ পরিবেশের বিভিন্ন উপাদান চিহ্নিত করে নাম বলতে পারবে। | **আমাদের পরিবেশ**<br><br>• বিদ্যালয় ও বাড়ি/বাসা, চারপাশের পরিবেশ (গাছ, ফুল, ফল, পশু, পাখি, খাল-বিল, নদী, মাটি, পানি ইত্যাদি)। | • শিশু নিজ পরিবার, বিদ্যালয়, বাড়ি/বাসা ও নিকট পরিবেশের বিভিন্ন উপাদান পর্যবেক্ষণ করবে এবং নাম বলবে।<br>• শিক্ষার্থী শিক্ষকের দেখানো ফ্লিপ চার্ট দেখে ছবির নাম বলবে। | • বাড়ি/বাসা, বিদ্যালয়ের চারপাশের পরিবেশের বিভিন্ন উপাদান সংবলিত চিত্র/ছবি প্রয়োজনে চিত্রের ফ্লিপ চার্ট তৈরি করবেন ।<br>• বাড়ি/বাসা, বিদ্যালয়ের চারপাশের প্রাকৃতিক উপাদান সম্পর্কে সহজ ভাষায় লিখবেন। |
| ২. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ (নারী-পুরুষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ ইত্যাদি নির্বিশেষে) সকলের সাথে সহযোগিতা ও সম্প্রীতির মানসিকতা অর্জন করা। | ২.১ বাড়ি ও বিদ্যালয়ে সকলের সাথে মিলেমিশে চলবে।<br><br>২.২ বাড়ি ও বিদ্যালয়ে সকলের সাথে সহযোগিতামূলক আচরণ করবে ও প্রয়োজনে নিজের ব্যবহার্য সামগ্রী দিয়ে সহযোগিতা করবে। | ২.১.১ বাড়িতে কাজে সহায়তাকারী সদস্যসহ সকলের সাথে ভালো আচরণ করবে।<br><br>২.১.২ শ্রেণিতে শ্রেণিকক্ষের বাইরে সকল সহপাঠীর (ছেলে শিশু, মেয়ে শিশু, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা, মেধা, শারীরিক ও মানসিক সামর্থ্য নির্বিশেষে) ভালো ও সমান আচরণ করার কথা বলতে | **আমরা সবাই সমান**<br><br>• জাতি-ধর্ম- বর্ণ, শ্রেণি, ছেলে শিশু মেয়ে শিশু নির্বিশেষে সমআচরণ, সহাবস্থান ও সহযোগিতামূলক আচরণ।<br>• বিশেষ চাহিদাসম্পন্ন শিশু | • চিত্র, গল্প ও উদাহরণের মাধ্যমে বিশেষ-চাহিদাসম্পন্ন শিশু সম্পর্কে জানবে।<br><br>• বাড়ি, বিদ্যালয়, এলাকা ও সমাজের বিশেষ-চাহিদাসম্পন্ন শিশু পর্যবেক্ষণ করবে এবং তাদের চাহিদা অনুযায়ী সহায়তা করবে।<br><br>• সংগীত ('আমরা সবাই রাজা') অডিও/ ভিডিও | • বিভিন্ন ধরনের বিশেষ - চাহিদাসম্পন্ন শিশুদের গল্প, চিত্র/ছবি সহকারে জানবে।<br>• অডিও, ভিডিও চিত্র/সংগীত (আমরা সবাই রাজা) সম্পূর্ণ গানটি শিক্ষক সহায়িকায় থাকবে।<br>• ফ্লিপ চার্ট এর মাধ্যমে সহযোগিতামূলক চিত্র (মাকে সহায়তা করা, বিশেষ চাহিদাসম্পন্ন শিশু ও ব্যক্তি, |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | পারবে।<br><br>২.১.৩ সকলকে ভালোবাসবে ও শ্রদ্ধা করবে।<br><br>২.২.১ সামর্থ্য অনুযায়ী সকলকে সহযোগিতা করবে।<br><br>২.২.২ বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, সহপাঠী ও ব্যক্তিদের প্রয়োজন অনুযায়ী সহায়তা করবে।<br><br>২.২.৩ সহপাঠী ও অন্যদের প্রয়োজনে নিজের ব্যবহার্য সামগ্রী দিয়ে সহযোগিতা করবে।<br><br>২.২.৪ ভাইবোন, প্রতিবেশী ও সহপাঠীদের সাথে মিলেমিশে চলবে, খেলাধুলা করবে ও খেলাধুলার কথা বলতে পারবে। | | চিত্র ও শিশুদের সক্রিয় অংশগ্রহণ।<br><br>● সামাজিক বঞ্চনার শিকার (ছেলে শিশু, মেয়ে শিশু, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ, বিশেষ পেশা, ভৌগোলিকভাবে অসুবিধাগ্রস্ত এলাকা) কারা তা উদাহরণসহ (চিত্র, গল্প) এর মাধ্যমে জানবে।<br>● প্রয়োজনীয় সহযোগিতায় ভূমিকাভিনয় করবে। | সহপাঠীদের খেলার মাঠে ও সকলের সাথে মিলেমিশে খেলা করার ছবি। |
| ৩. মৌলিক চাহিদা ও মানবাধিকার সম্পর্কে ধারণা অর্জন এবং বাস্তব জীবনে | - | - | - | - | - |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| অনুশীলন করা। | | | | | |
| ৪. সমাজ ও রাষ্ট্রের সদস্য হিসেবে নিজের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও নিরাপত্তা সম্পর্কে জানা এবং এগুলো অর্জন ও পালনে সচেতন হওয়া। | ৪.১ পরিবারের গুরুত্ব বলতে পারবে।<br><br>৪.২ শিশু নিজের নিরাপত্তা সম্পর্কে সচেতন হবে। | ৪.১.১ পরিবার বলতে কী বুঝায় বলতে পারবে।<br><br>৪.১.২ বাবা-মা, ভাই-বোন, দাদা-দাদি ও পরিবারের অন্যান্য সদস্যদের নাম বলতে পারবে।<br><br>৪.১.৩ বাবা-মা, ভাই-বোন ও পরিবারের অন্যান্যদের সাথে বসবাস করার সুবিধা বলতে পারবে।<br><br>৪.১.৪ পরিবারের প্রতি নিজের দায়িত্ব সম্পর্কে বলতে পারবে।<br><br>৪.২.১ অপরিচিত ব্যক্তির সাথে কোথাও যাবে না তা বর্ণনা করতে পারবে।<br><br>৪.২.২ অপরিচিত ব্যক্তির কাছ থেকে কিছু নিতে এবং খেতে নাই কেন তা বলতে পারবে। | **আমার পরিবার**<br>● শিশুর প্রতি পরিবারের কর্তব্য ও<br>● পরিবারের প্রতি শিশুর কর্তব্য<br>**নিজেকে নিরাপদে রাখা**<br>● অপরিচিত ব্যক্তি থেকে সাবধান।<br>● অপরিচিত ব্যক্তির সাথে কোথাও না যাওয়া এবং তার কাছ থেকে কিছু না নেওয়া ও না খাওয়া | -শিশুর প্রতি পরিবারের ও পরিবারের প্রতি শিশুর দায়িত্ব কর্তব্যের ছবি। (চিত্রের মাধ্যমে)<br><br>- শিশু বাড়িতে কী কী কর্তব্য কাজ করে এবং তাদের পিতামাতা তাদের জন্য কী কী করেন তা বন্ধুদের শ্রেণিতে বলবে।<br><br>-উদাহরণ দিয়ে/ছবি/চিত্রের মাধ্যমে শিশুর নিরাপত্তার বিষয়টি তুলে ধরবে ও সচেতন করবে। | -পরিবারের ছবি (শিশুর প্রতি পরিবারের ও পরিবারের প্রতি শিশুর দায়িত্ব কর্তব্যের ছবি।)<br><br>-গল্প/চিত্র/ছবির মাধ্যমে নিরাপত্তার বিষয়ে উপস্থাপন। |
| ৫. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় | | | | | |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সম্পদের পরিচয়, যথাযথ ব্যবহার, সংরক্ষণ ও অপচয় রোধ করা। | | | | | |
| ৬. সকল পেশাকে গুরুত্ব দেওয়া ও কায়িক শ্রমের প্রতি আগ্রহী হওয়া। | ৬.১ বাড়িতে ও বিদ্যালয়ে কে কী কাজ করে পর্যবেক্ষণ করবে ও কাজের নাম বলতে পারবে। | ৬.১.১ বাড়িতে ও বিদ্যালয়ে কে কী কাজ করে তা পর্যবেক্ষণ করে বলতে পারবে।<br>৬.১.২ শিশু নিজে কী কাজ করে তা বলতে পারবে। | **পরিবার ও আমাদের কাজ**<br>• পরিবারে কে কী কাজ করেন। | • ছবি প্রদর্শন, ভূমিকাভিনয়, অংকন ইত্যাদির মাধ্যমে পরিবারে বিভিন্ন সদস্যদের কাজ দেখাতে পারবে। | পরিবারে বিভিন্ন সদস্যদের কাজের ফ্লিপচার্ট |
| ৭.পরমতসহিষ্ণুতা প্রদর্শন ও গণতান্ত্রিক রীতিনীতি অনুশীলন করা। | - | - | - | - | - |
| ৮. নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভালো-মন্দের পার্থক্য নিরূপণ করতে পারা এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করা। | - | - | - | - | ভিডিও চিত্র, গল্প, ছবি, ফ্লিপচার্ট এর মাধ্যমে সম্মানসূচক সম্ভাষণ, ছোটদের স্নেহ করার বোধ জাগ্রত করা। |
| ৯. বিভিন্ন ধরনের সামাজিক উন্নয়নমূলক | | | | | - |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কর্মকান্ডে অংশগ্রহণ করা এবং এগুলোর গুরুত্ব উপলব্ধি করা। | - | - | - | - | |
| ১২. দুর্যোগ সম্পর্কে জানা এবং দুর্যোগ মোকাবেলার দক্ষতা অর্জন করা। | - | - | - | - | - |
| ১৩. পরিবেশ দূষণের কারণ জানা এবং পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে অংশগ্রহণ করা। | ১১.১ বিদ্যালয় ও গৃহস্থালীর পরিত্যক্ত দ্রব্যাদি দিয়ে কীভাবে পরিবেশ নষ্ট হয় তা জানবে ও এ ধরনের কাজ করা থেকে বিরত থাকবে। | ১১.১.১ পরিচ্ছন্ন ও অপরিচ্ছন্ন পরিবেশের মধ্যে পার্থক্য করতে পারবে।<br>১১.১.২ বাড়িতে ও বিদ্যালয়ে পরিবেশ অপরিচ্ছন্ন হওয়ার কারণ পর্যবেক্ষণ করে বলতে পারবে।<br>১১.১.৩ বাড়িতে ও বিদ্যালয়ে পরিবেশ দূষিত হয় এ ধরনের কাজ (যেখানে সেখানে ময়লা ফেলা, বাদামের খোসা, কাগজের টুকরা, চিপস ও চকোলেটের খালি প্যাকেট ফেলা, দেয়াল নোংরা করা ইত্যাদি ) থেকে বিরত থাকবে। | **এসো পরিবেশ পরিচ্ছন্ন রাখি**<br>• বাড়ি ও বিদ্যালয়ে পরিবেশ অপরিচ্ছন্ন হওয়ার কারণ<br>• বাড়ি ও বিদ্যালয়ে পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপায় | • চিত্রের মাধ্যমে বাড়ি ও বিদ্যালয়ের পরিবেশ অপরিচ্ছন্ন হওয়ার কারণ জানবে।<br>• পরিবেশ অপরিচ্ছন্ন রাখা থেকে বিরত থাকা | বিভিন্ন স্কেচ, ছবি, ভিডিও এর মাধ্যমে পরিবেশ সংরক্ষণের বিষয়টি বোঝানো। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১২. জনসংখ্যা সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে জানা। | ১২.১ ছোট পরিবার ও বড় পরিবার সম্পর্কে ধারণা লাভ করবে।<br>১২.২ পরিবারে অধিক জনসংখ্যা কীভাবে পরিবেশের উপর প্রভাব ফেলে তা বলতে পারবে। | ১২.১.১ ছোট পরিবার কাকে বলে তা বলতে পারবে।<br>১২.১.২ বড় পরিবার কাকে বলে তা বলতে পারবে।<br>১২.১.৩ ছোট পরিবারের সুবিধা অসুবিধা বলতে পারবে।<br>১২.২.১ পরিবেশের অধিক লোকসংখ্যা বৃদ্ধি কীভাবে পরিবেশের উপর প্রভাব ফেলে তা উলেণ্টখ করতে পারবে। | ছোট পরিবার ও বড় পরিবার | • শিক্ষার্থী তার নিজ পরিবারের সুবিধাগুলি এসে বলবে।<br>• শিক্ষার্থী তার নিজ পরিবারের অসুবিধাগুলি বলতে পারবে।<br>• শিক্ষার্থী তার নিজ ও পাশের বাসার পরিবেশ পর্যবেক্ষণ করে এসে সুবিধা ও অসুবিধাগুলি বলবে। | ছোট ও বড় পরিবারের দৈনন্দিন জীবনযাত্রার দৃশ্য সম্বলিত চিত্র সহজ ভাষায় শিক্ষার্থীর বাস্তব অবস্থার সাথে সঙ্গতি রেখে বিষয়বস্তু উপস্থাপন করতে হবে। |
| ১৩. পৃথিবীর মহাদেশ ও মহাসাগরগুলো সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন। | - | - | - | - | - |
| ১৪. মুক্তিযুদ্ধের ইতিহাস জানা ও এর চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হওয়া । | ১৪.১ জাতীয় পতাকার মৌখিক বর্ণনা দিতে পারবে।<br>১৪.২ মুক্তহাতে জাতীয় পতাকা আঁকতে পারবে।<br>১৪.৩ জাতীয় সংগীতের প্রথম চার লাইন শুদ্ধ করে বলতে ও গাইতে পারবে ও জাতীয় | ১৪.১.১ জাতীয় পতাকা পর্যবেক্ষণ করবে।<br>১৪.১.২ জাতীয় পতাকার রং বলতে পারবে।<br>১৪.২.১ মুক্ত হাতে জাতীয় পতাকা আঁকতে পারবে।<br>১৪.৩.১ জাতীয় সংগীতের প্রথম | **বাংলাদেশের জাতীয় পতাকা ও জাতীয় সংগীত** | • জাতীয় পতাকা মুক্তহাতে অংকন করা।<br>• জাতীয় সংগীতের প্রথম চার লাইন গাওয়া।<br>• লাল ও সবুজ কাগজ কেটে জাতীয় পতাকা তৈরি করতে পারবে। | জাতীয় পতাকার বাস্তবচিত্র/ছবি |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | পতাকাকে সম্মান করবে। | চার লাইন শুদ্ধ করে বলতে পারবে।<br><br>১৪.৩.২ জাতীয় সংগীতের প্রথম চার লাইন শুদ্ধভাবে গাইতে পারবে।<br><br>১৪.৩.৩ জাতীয় পতাকা ও জাতীয় সংগীতের প্রতি সম্মান প্রদর্শন করবে। | | | |
| ১৫. বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, ভৌগোলিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে জানা এবং এগুলোর প্রতি শ্রদ্ধাশীল হওয়া ও ভালোবাসা। | ১৫.১ জাতীয় পতাকা ও সংগীতকে ভালোবাসার মাধ্যমে দেশপ্রেমে উদ্দীপ্ত হবে।<br><br>১৫.২ স্বাধীনতা দিবস, বিজয় দিবস, শহিদ দিবস এর তারিখ উলেণ্ডখ/বলতে পারবে।<br><br>১৫.৩ বিদ্যালয় কর্তৃক আয়োজিত দিবস, বিভিন্ন জাতীয় অনুষ্ঠান উপভোগ করবে।<br><br>১৫.৪ বাংলাদেশের মানচিত্র দেখে চিনতে পারবে।<br><br>১৫.৫ বাংলাদেশের কয়েকটি জাতীয় প্রতীকের (ফল, ফুল, মাছ, পশু, পাখি) নাম জানবে। | ১৫.২.১ স্বাধীনতা দিবস, বিজয় দিবস, শহিদ দিবস এর তারিখ উলেণ্ডখ/বলতে পারবে।<br><br>১৫.৩.১ বিদ্যালয় আয়োজিত বিভিন্ন জাতীয় দিবসের অনুষ্ঠানে যোগ দেবে।<br><br>১৫.৪.১ বাংলাদেশের মানচিত্র দেখে চিনতে পারবে।<br><br>১৫.৫.১ বাংলাদেশের কয়েকটি জাতীয় প্রতীকের (ফল, ফুল, মাছ, পশু, পাখি,) নাম জানবে।<br><br>১৫.৬.১ বাংলা নববর্ষ মাসের নাম ও তারিখ বলতে পারবে।<br><br>১৫.৭.১ বাংলাদেশের রাষ্ট্রভাষার | **বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবস**<br><br>• স্বাধীনতা দিবস<br>• বিজয় দিবস<br>• শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস<br>• বাংলা নববর্ষ<br>• বাংলাদেশের কয়েকটি জাতীয় প্রতীক (ফুল, ফল, মাছ, পশু, পাখি)।<br>• বাংলাদেশের মানচিত্র। | • উলেণ্ডখযোগ্য জাতীয় দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।<br><br>• শহিদ মিনার ও স্মৃতিসৌধের ছবি দেখে নাম বলবে। | • শহিদ মিনার, জাতীয় স্মৃতিসৌধসহ বাংলা নববর্ষ উদযাপনের ছবি ও গল্পের মাধ্যমে তুলে ধরবে।<br>• নববর্ষের মেলার/ছবির মাধ্যমে জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতির পরিচয় ঘটানো। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | ১৫.৬ বাংলা নববর্ষের মাসের নাম ও তারিখ বলতে পারবে।<br><br>১৫.৭ আমাদের রাষ্ট্রভাষার নাম বলতে পারবে।<br><br>১৫.৮ জাতীয় প্রতীকগুলোর ছবি দেখে চিনবে। | নাম বলতে পারবে।<br><br>১৫.৮.১ জাতীয় পতাকার ছবি দেখে চিনতে পারবে। | | | |
| ১৬. আন্তর্জাতিকতাবোধ, বিশ্ব ভ্রাতৃত্ব ও বিশ্ব সংস্কৃতির প্রতি আগ্রহী ও শ্রদ্ধাশীল হওয়া। | | | | | |

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## ২য় শ্রেণি

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. সমাজ, পরিবেশ ও পরিবেশের বিভিন্ন উপাদান সম্পর্কে জানা এবং এগুলোর পারস্পরিক সম্পর্কের গুরুত্ব উপলব্ধি করা। | ১.১ চারপাশের পরিবেশের সামাজিক ও প্রাকৃতিক উপাদানগুলো সম্পর্কে জানবে।<br>১.২ পরিবেশের বিভিন্ন উপাদানের পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করবে। | ১.১.১ সামাজিক ও প্রাকৃতিক পরিবেশের বিভিন্ন উপাদানের নাম বলতে পারবে।<br>১.২.১ সামাজিক ও প্রাকৃতিক পরিবেশের পারস্পরিক সম্পর্ক বলতে পারবে। | **আমাদের পরিবেশ**<br>• পরিবেশের বিভিন্ন উপাদান।<br>• পরিবেশের উপাদানের পারস্পরিক সম্পর্ক। | চিত্রের সাহায্যে মানুষ ও পরিবেশের পারস্পরিক সম্পর্ক দেখানো। (খাদ্য ও জীবনচক্রের ছবি) | • চিত্র সহযোগে বিষয়বস্তু ও শিখনফল অনুযায়ী উপস্থাপন করতে হবে।<br>• একটি বাড়ির চারপাশের পরিবেশ এবং বাড়ির ছবি ও বাড়ির আশপাশের সুন্দর পরিবেশের ছবি দিতে হবে। |
| ২. বিশেষ-চাহিদাসম্পন্ন শিশুসহ (নারী-পুরুষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ ইত্যাদি নির্বিশেষে) সকলের সঙ্গে সহযোগিতা ও সম্প্রীতির মানসিকতা অর্জন করা। | ২.১ বাড়ি, বিদ্যালয় এবং আশপাশে সকলের সঙ্গে মিলেমিশে চলবে ও সহযোগিতা করবে।<br>২.২ বিভিন্ন জীবনধারা এবং ধর্মের অনুসারী সহপাঠীদের ধর্মীয় উৎসবের নাম জানবে ও শ্রদ্ধাপোষণ করবে। | ২.১.১ বাড়ি, বিদ্যালয় এবং আশপাশের সকলের সাথে ভালো ও সমান আচরণ কেন করতে হয় তা বলতে পারবে।<br>২.১.২ সকলকে ভালোবাসবে ও শ্রদ্ধা করবে।<br>২.১.৩ সামর্থ্য অনুযায়ী সকলকে সহযোগিতা করবে।<br>২.১.৪ বিশেষ-চাহিদাসম্পন্ন শিশু ও ব্যক্তিদের সাধ্যানুযায়ী সাহায্য কেন করবে তা বর্ণনা করবে।<br>২.১.৫ সহপাঠী ও অন্যদের প্রয়োজনে নিজের ব্যবহৃত সামগ্রী | **আমরা সবাই সমান**<br>• সকলের সাথে সম আচরণ, সহাবস্থান, সহযোগিতামূলক ব্যবহার।<br>• বিশেষ-চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি বন্ধুসুলভ আচরণ<br>• বিভিন্ন ধর্মের ধর্মীয় উৎসব ও এগুলোর প্রতি সম্মান প্রদর্শন। | • ছেলে-মেয়ে, ধনী-দরিদ্র, বিভিন্ন ধর্ম ও অনগ্রসর জনগোষ্ঠীসহ সবাই সমান তা চিত্র বা গল্পের মাধ্যমে বোঝাবে এবং শিক্ষার্থীরা ভূমিকাভিনয় করে দেখাবে।<br>• চিত্রের সাহায্যে বিশেষ-চাহিদা সম্পন্ন শিশুর ছবি/ভিডিও চিত্র দেখানো ও তাদের সমস্যা ও চাহিদার প্রতি সংবেদনশীল করা। | • মনীষীদের মহৎ বাণীর দুয়েকটি উদাহরণ দিতে হবে যাতে ছোটদের প্রতি ভালোবাসা এবং বড়দের প্রতি শ্রদ্ধাবোধ বাড়ে।<br>• জাতি-ধর্ম-বর্ণ, ধনী-দরিদ্র, অন্যান্য জনগোষ্ঠীর আচার-ব্যবহার, কৃষ্টি ও সংস্কৃতির পৃথক পৃথক চিত্র দেখাতে হবে।<br>• পারস্পরিক সহযোগিতার উদাহরণ ছবি/গল্পের/ফ্লিপ চার্টের মাধ্যমে উপস্থাপন করতে হবে।<br>• বিশেষ-চাহিদাসম্পন্ন শিশু, ব্যক্তি এবং সহপাঠীদের সাথে, |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | দিয়ে সহযোগিতা করার গুরুত্ব বলতে পারবে এবং সহযোগিতা করবে।<br>২.১.৬ ভাইবোন, প্রতিবেশী শিশু ও সহপাঠীদের সাথে মিলেমিশে চলা ও খেলাধুলা করার সুবিধা বলতে পারবে।<br>২.২.১ বিভিন্ন ধর্মের ধর্মীয় উৎসবের নাম বলতে পারবে।<br>২.২.২ সব ধর্মের ধর্মীয় উৎসবকে সম্মান করবে। | | • সহপাঠীদের সাথে সহযোগিতার উদাহরণ ছবি প্রদর্শন ও গল্পের মাধমে বোঝানো।<br>• বিভিন্ন ধর্মের ধর্মীয় অনুষ্ঠানের প্রতি শ্রদ্ধাশীল হতে উদ্বুদ্ধ করা। | খেলার মাঠে ও সকলের সাথে মিলেমিশে খেলা করার ছবি ।<br>• বিভিন্ন ধর্মের ধর্মীয় উৎসবের ছবি । |
| ৩. মৌলিক চাহিদা ও মানবাধিকার সম্পর্কে ধারণা অর্জন এবং বাস্তব জীবনে অনুশীলন করা। | – | – | – | – | – |
| ৪. সমাজ ও রাষ্ট্রের সদস্য হিসেবে নিজের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও নিরাপত্তা সম্পর্কে জানা এবং এগুলো অর্জন ও পালনে সচেতন হওয়া। | ৪.১ শিশুর প্রতি পরিবারের সদস্যদের দায়িত্ব এবং পরিবারের প্রতি শিশুর দায়িত্ব বলতে পারবে। | ৪.১.১ শিশুর প্রতি পরিবারের সদস্যদের দায়িত্ব বলতে পারবে।<br>৪.১.২ পরিবারের প্রতি নিজের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বলতে পারবে। | **শিশুর ও পরিবারের দায়িত্ব-কর্তব্য**<br>• শিশুর প্রতি পরিবারের সদস্যদের দায়িত্ব<br>• পরিবারের প্রতি শিশুর দায়িত্ব | • চিত্রের/গল্পের মাধ্যমে শিশুর প্রতি পরিবারের ও পরিবারের প্রতি শিশুর দায়িত্ব সম্পর্কে জানানো।<br>• শিশু ভূমিকাভিনয় করে দেখাবে। | • চিত্র বা ধারাবাহিক চিত্র (ফ্লিপচার্ট) ব্যবহার করে বিষয়টি উপস্থাপন করতে হবে।<br>• আলোচনা ও বাস্তব জীবনের উদাহরণের মাধ্যমে পরিবারের প্রতি তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানানো। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৫. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের যথাযথ ব্যবহার, সংরক্ষণ ও অপচয় রোধ করা। | ৫.১ শিশুর ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী (ব্যাগ, বই, খাতা, পেনসিল, জুতা, বিছানা, পড়ার টেবিল, খেলনা ইত্যাদি।) যথাযথভাবে ব্যবহার এবং সংরক্ষণ করতে পারবে ও অপচয় রোধ করবে।<br><br>৫.২ পরিবার ও বিদ্যালয়ের বিভিন্ন সামগ্রী যথাযথ ব্যবহার ও সংরক্ষণ করবে এবং অপচয় করা থেকে বিরত থাকবে। | ৫.১.১ শিশু তার ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী (ব্যাগ, বই, খাতা, পেনসিল, জুতা, বিছানা, পড়ার টেবিল, খেলনা, পোশাক ইত্যাদি) যথাযথভাবে ব্যবহার ও সংরক্ষণ করার প্রয়োজনীয়তা বলতে পারবে এবং এগুলোর যথাযথ ব্যবহার ও সংরক্ষণ করবে।<br><br>৫.১.২ ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রীর অপচয় ও নষ্ট কেন করতে নেই তা বলতে পারবে।<br><br>৫.২.১ পরিবারের বিভিন্ন সম্পদ ও আসবাবপত্রের যত্ন নিবে ও নষ্ট করা থেকে বিরত থাকবে।<br><br>৫.২.২ বিদ্যালয়ের বিভিন্ন সামগ্রী (চেয়ার, টেবিল, বেঞ্চ, খেলার মাঠ, পাঠাগার ইত্যাদি) যত্নের সাথে ব্যবহার করবে। | **সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণ**<br><br>• ব্যক্তিগত, পারিবারিক সম্পদ ব্যবহার ও সংরক্ষণ।<br>• বিদ্যালয়ের সম্পদ সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবহার | দলগত কাজের মাধ্যমে সম্পদ সংরক্ষণমূলক কাজে অংশগ্রহণের অনুশীলন। ভূমিকাভিনয় করে সম্পদের ব্যবহার প্রদর্শন। | • ব্যাগ, বই, খাতা, পেনসিল, পোশাক জুতা, বিছানা, পড়ার টেবিল, খেলনা ইত্যাদি সংরক্ষণ করার চিত্র-সহ বিষয়বস্তু উপস্থাপন করতে হবে।<br>• ব্যক্তিগত, পারিবারিক ও বিদ্যালয়ের সম্পদের সাধারণ চিত্র এঁকে বিষয়বস্তু উপস্থাপন করতে হবে। |
| ৬. সকল পেশাকে গুরুত্ব দেওয়া ও কায়িক শ্রমের প্রতি আগ্রহী হওয়া । | ৬.১ বাড়িতে যথাসম্ভব নিজের ব্যক্তিগত কাজগুলো নিজে করবে।<br><br>৬.২ বাড়িতে ও বিদ্যালয়ের বিভিন্ন কাজে সামর্থ্য অনুযায়ী অংশগ্রহণ ও অন্যদের | ৬.১.১ শিশু বাড়িতে কী কী কাজ করে তা বলতে পারবে।<br><br>৬.২.১ পরিবার ও বিদ্যালয়ের বিভিন্ন কাজে অংশগ্রহণ করবে<br>৬.২.২ নিজের কাজ নিজে করার | **বাড়ি ও বিদ্যালয়ে শিশুর কাজ**<br><br>• পরিবারে ও বিদ্যালয়ের কাজে অংশগ্রহণ। | • পরিবার ও বিদ্যালয়ে শিশুর উপযোগী কাজ চিত্রের মাধ্যমে দেখানো। | • ছবি বা চিত্র এঁকে শিখনফল অনুযায়ী বিষয়গুলো জানাতে হবে। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
